দৈনিক খবর

তারিখ ... 21 JUL 1993 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ৩ ...

144

# টুঙ্গীপাড়া শিক্ষা অফিসারের বিরুদ্ধে শিক্ষকদের বিক্ষোভ

গোপালগঞ্জ থেকে আহমদ আলী খানঃ জেলার টুঙ্গীপাড়া থানা শিক্ষা অফিসার দলিল উদ্দিন দেওয়ানের ঘুষ গ্রহণ ও ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে গত ১১ই জুলাই প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা এক বিক্ষোভ মিছিল করে। বিক্ষোভ মিছিল শেষে মোঃ মহসিন মিয়ার সভাপতিত্বে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আঃ রব মিয়া ও বীরেন চৌধুরী।

বক্তারা অবিলম্বে থানা শিক্ষা অফিসারের অপসারণসহ তার বিচারের দাবীজানান।